**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ- ১**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর-১২ — তারিখঃ শ্রাবণ ০৮, ১৪৩৩ / জুলাই ২৩, ২০২৬

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**<u>প্রবাসী বাংলাদেশী নাগরিকদের (NRB) হজে গমন প্রসঙ্গে।</u>**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-১ শাখার জুলাই ১৩, ২০২৬ তারিখের স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯ (অংশ)-৬৯৮ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।



(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি ১)
ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯ (অংশ)-৬৯৮ তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: প্রবাসী বাংলাদেশী নাগরিকদের (NRB) হজে গমন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশের হজ কোটায় হজে গমনেচ্ছু প্রবাসী বাংলাদেশী নাগরিকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৭ সনের হজের প্রাক-নিবন্ধন চলমান রয়েছে। প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ সরকারি অথবা বেসরকারি যেকোন মাধ্যমে হজে গমন করতে পারবেন।

০২। ই-হজ সিস্টেমে (www.hajj.gov.bd) প্রাক-নিবন্ধনকালে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণের বাংলাদেশী পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, পাসপোর্ট সাইজের ছবি, মোবাইল নম্বর (WhatsApp) এবং বাংলাদেশের ব্যাংক হিসাবের তথ্য থাকতে হবে। একই পরিবারের একাধিক ব্যক্তির একটি ব্যাংক একাউন্ট থাকলেও চলবে। প্রাক-নিবন্ধনকালে ই-হজ সিস্টেমে NRB (Non-Resident Bangladeshi) তথ্য প্রদান করতে হবে এবং দেশের নাম উল্লেখসহ বসবাসের বৈধ ডকুমেন্ট আপলোড করতে হবে।

০৩। উল্লেখ্য, শীঘ্রই হজ প্যাকেজ ও গাইডলাইন ২০২৭ ঘোষণা করা হবে। ই-হজ সিস্টেমে ঘোষিত প্যাকেজ নির্বাচন করে নিবন্ধন করতে হবে এবং সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক নিবন্ধিত হজযাত্রীকে হজে গমন করতে হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

১৩/৭/২০২৬

মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: hajj_sec1@mora.gov.bd

বিতরণ: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৪. পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল দূতাবাসের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৫. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, রমনা, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৬. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
৭. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
৮. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

৯. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা

১০. জেলা প্রশাসক, ........................ (সকল) জেলা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)

১১. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব

১২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৩. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা (তালিকাভুক্ত সকল হজ এজেন্সিকে অবহিত করার অনুরোধসহ)

১৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ঢাকা (হজ পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

১৬. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার, (২০২৭ সনের যোগ্য সকল হজ এজেন্সি) (বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক হজে গমনেচ্ছু প্রবাসী বাংলাদেশী নাগরিকদের অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১৭. অফিস কপি